যুগান্তর

তারিখ 24 NOV 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৮

ঢাবি-ড্যাফোডিল চুক্তি

# সহজ ও দীর্ঘমেয়াদি কিস্তিতে ল্যাপটপ পাচ্ছে শিক্ষার্থীরা

ঢাকা বিশ্ববিদ্যালয় ও ড্যাফোডিল কম্পিউটার্স লিমিটেডের মধ্যে ঢাবি শিক্ষার্থীদের ল্যাপটপ প্রদান বিষয়ে সমঝোতা স্বাক্ষরিত হয়। ১৯ নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মো. কামাল উদ্দিন ও ড্যাফোডিল কম্পিউটার্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মো. সবুর খান নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। এ চুক্তির ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের চলতি শিক্ষাবর্ষ হতে আগামী ৫ বছর পর্যন্ত সহজ ও দীর্ঘমেয়াদি কিস্তিতে ড্যাফোডিল কম্পিউটার্স লি. ল্যাপটপ দেয়া হবে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. আআমস আরেফিন সিদ্দিক, ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ, সাধারণ সম্পাদক এএসএম মাকসুদ কামাল, ড্যাফোডিল কম্পিউটার্স লিমিটেডের কোম্পানি সচিব মো. মনির হোসেন, উপ-মহাব্যবস্থাপক জাফর এ পাটোয়ারী। -সংবাদ বিজ্ঞপ্তি।